

**AKASHVANI (AIR)**

**RNU : KOLKATA**

**Bengali Text Bulletin**

**Date: 03.11.2024**

**Time: 7.35 A.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

- ১) রাজ্যে খরিফ মরশুমে কৃষকদের কাছ থেকে সহায়ক মূল্যে ধান সংগ্রহের কাজ গতকাল শুরু হয়েছে।
- ২) উত্তর ২৪ পরগণার গাইঘাটায় এক নাবালিকাকে হাত পা বেঁধে ধর্ষণ করার অভিযোগকে ঘিরে চাঞ্চল্য।
- ৩) আলিপুরদুয়ারে শিশুকন্যাকে ধর্ষণ ও খুনের ঘটনা নিয়ে গতকাল রাত পর্যন্ত স্থানীয়দের রাস্তা অবরোধ করে বিক্ষোভ।
- ৪) আজ ভাতৃদ্বিতীয়া। ভাইদের মঙ্গল কামনায় ঘরে ঘরে চলছে ভাইফোঁটা।
- ৫) ইরানে চ্যাম্পিয়ান্স লিগ টু-এর ম্যাচ খেলতে না যাওয়ায় মোহনবাগান সুপারজায়ান্টকে কোনো জরিমানা দিতে হবে না বলে এএফসি জানিয়েছে।

খরিফ মরশুমে চাষিদের কাছ থেকে সহায়ক মূল্যে ধান সংগ্রহের কাজ গতকাল শুরু হয়েছে। এজন্য সব জেলাতেই কেন্দ্রীয় স্তরে খোলা হয়েছে ক্রয়কেন্দ্র। স্থায়ী ক্রয়কেন্দ্র ছাড়াও বিভিন্ন এলাকায় গাড়ি পাঠিয়ে ভ্রাম্যমাণ কেন্দ্রের মাধ্যমেও ধান সংগ্রহ করা হচ্ছে। পাশাপাশি খাদ্য দফতর, গ্রামীণ কৃষি সমবায় সংস্থা ও স্বনির্ভর গোষ্ঠীগুলির

মাধ্যমে অস্থায়ী শিবির খুলে চাষিদের কাছ থেকে ধান কিনবে বলে জানিয়েছে । থেকে ধান কেনার পর তা থেকে চাল উৎপাদনের জন্য নথিভুক্ত রাইস মিলগুলির কাছে পাঠিয়ে দেওয়া হবে ।

উল্লেখ্য, খাদ্য দফতর এবার ৭০ লক্ষ টন ধান সংগ্রহের লক্ষ্যমাত্রা নিয়েছে ।

এদিকে, আমদানি শুল্ক উঠে যাওয়ায় এরাঙ্গ্যের চালকল মালিকরা ফের বাংলাদেশে চাল রপ্তানি শুরু করেছেন । সেদেশের নতুন অন্তর্বর্তী সরকার গঠনের পর চালের উপর ২৫ শতাংশ আমদানি শুল্ক ধার্য করা হয় । যার ফলে চালের রপ্তানি পুরোপুরি বন্ধ হয়ে যেতে বসেছিল ।

এরপর রাজ্য ও কেন্দ্রীয় সরকারের হস্তক্ষেপে বাংলাদেশ আমদানি শুল্ক সম্পূর্ণরূপে প্রত্যাহার করে নিয়েছে ।

-----

উত্তর ২৪ পরগনার গাইঘাটা থানার শিমুলপুর এলাকায় টিউশন থেকে পড়ে ফেরার পথে নাবালিকাকে তুলে নিয়ে গিয়ে ওড়না দিয়ে হাত পা বেঁধে ধর্ষণ করার অভিযোগ উঠল প্রতিবেশী এক যুবকের বিরুদ্ধে । ঘটনার পর আত্মহত্যা করার চেষ্টা করে ওই স্কুলছাত্রী । এরপর তার পরিবার, ওই যুবকের বিরুদ্ধে গাইঘাটা থানায় অভিযোগ দায়ের করে । পুলিশ জানিয়েছে, অভিযুক্তর নাম সুজিত পাল ওরফে বাবুসোনা ।

পরিবার সূত্রে জানা গেছে, অভিযুক্ত যুবক প্রায় দেড় বছর তাঁদের মেয়েকে উত্যক্ত করছিল । মেয়েটি একাধিকবার সে কথা জানিয়েছে । অভিযোগ, শুক্রবার সন্ধ্যায় থাইভেট থেকে টিউশন পড়ে ফেরার পথে ওই যুবক তাদের মেয়েকে জোর করে তুলে নিয়ে

গিয়ে নির্যাতন চালায়। মেয়েটি লজ্জায় সে কথা বাড়িতে বলতে পারেনি। গতকাল দুপুর তিনটে নাগাদ সিলিং ফ্যানের সঙ্গে ওড়না দিয়ে ফাঁস লাগিয়ে আত্মহত্যার চেষ্টা করলে পরিবারের লোকজন তা দেখে ফেলে তাঁকে উদ্ধার করে। পরিবারের তরফে গাইঘাটা থানাতে বাবুসোনার নামে অভিযোগ দায়ের করা হয়েছে। ওই অভিযুক্ত যুবক বিবাহিত বলে জানা গিয়েছে।

---

খাবারের লোভ দেখিয়ে বছর নয়ের এক নাবালিকাকে ধর্ষণের অভিযোগ উঠেছে প্রতিবেশী এক ব্যক্তির বিরুদ্ধে। মধ্য হলদিবাড়ির ডাহারচৌপথি এলাকায় এই ঘটনাকে কেন্দ্র করে গতকালও তীব্র উত্তেজনা ছড়ায়। পুলিশ অভিযুক্তকে গ্রেপ্তার করেছে। ফাঁসির দাবিতে এলাকাবাসী গতকাল কুমারগ্রাম থানায় ব্যাপক বিক্ষোভ দেখায়।

---

আলিপুরদুয়ারের ফালাকাটার জটেশ্বরে মিষ্টি খাওয়ানোর প্রলোভন দেখিয়ে ৫ বছরের শিশু কন্যাকে ধর্ষণ ও খুনের ঘটনায় পরিস্থিতি উত্তপ্ত। ন্যায়বিচারের দাবিতে গতকাল গ্রামের বাসিন্দারা এথেলবাড়ি থেকে ফালাকাটা যাবার রাস্তা অবরোধ করে বিক্ষোভ দেখান। উই ওয়ান্ট জাস্টিস স্লোগান তুলে গোটা গ্রাম প্রদক্ষিণ করে রাস্তায় আগুন জ্বালিয়ে অনেক রাত অবধি প্রতিবাদ জানান তারা। এলাকায় মোতায়েন রয়েছে বিশাল পুলিশ বাহিনী। জেলার মাদারিহাটে উপনির্বাচন থাকায় শান্তিশৃঙ্খলা বজায় রাখতে আধা সামরিক বাহিনীও মোতায়েন রয়েছে।

এদিকে, এই ঘটনায় আরও এক অভিযুক্ত, স্থানীয় বাসিন্দা ভক্ত রায় পুলিশের কাছে আত্মসমর্পন করেছে।

আগেই জানানো হয়েছে, মেয়েটির বাবা-মার অনুপস্থিতিতে মনা রায় নামে প্রতিবেশী যুবক, জিলিপি খাওয়ানোর নাম করে ডেকে নিয়ে গিয়ে শিশুটিকে ধর্ষণ ও খুনের পর পুকুরে ফেলে দেয় বলে অভিযোগ। বিস্মুক্ত জনতার পিটুনিতে মৃত্যু হয় মনা রায়ের।

---

রাজ্যে বিভিন্ন জায়গায় ধর্ষণের ঘটনার প্রসঙ্গে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বলেছেন, পুলিশ ও সরকারের ওপর মানুষ যখন আস্থা হারিয়ে ফেলে, তখন আইন নিজের হাতে তুলে নেওয়ার প্রবণতা দেখা যায়। মেদিনীপুরের পটাশপুর ও ফালাকাটার ঘটনার উল্লেখ করে তিনি বলেন, দুটি ক্ষেত্রেই মানুষ নিজের হাতে আইন তুলে অভিযুক্তকে গণপ্রহার করায় তাদের মৃত্যু হয়েছে। বিরোধী দলনেতা গতকাল মাদারিহাট বিধানসভা আসনের উপনির্বাচনে প্রচারে অংশ নিয়ে জলপাইগুড়ির গয়েরকাটায় একথা বলেন।

---

সদস্য সংগ্রহের অভিযানের অঙ্গ হিসেবে বিজেপি রাজ্যে সদস্যতা দিবস পালন করবে। কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে দলের রাজ্য মুখপাত্র শমীক ভট্টাচার্য জানিয়েছেন, একই দিনে দলের রাজ্য সভাপতি, বিরোধী দলনেতা, সাংসদ, বিধায়ক সহ সর্বস্তরের নেতা এই সদস্য সংগ্রহ অভিযানে রাজ্যের বিভিন্ন প্রান্তে উপস্থিত থাকবেন। তিনি বলেন, প্রবীণ বিজেপি নেতা অমিত শাহ রাজ্যে এক কোটি সদস্য সংগ্রহের লক্ষ্যমাত্রা বেঁধে দিয়েছেন। সেই লক্ষ্যমাত্রা অনুযায়ী এবার এক কোটি সদস্য সংগ্রহের কাজ করা হবে। ৫ তারিখের পর থেকে এই সদস্য সংগ্রহের কাজে আরো গতি আসবে।

---

আজ ভাতৃ দ্বিতীয়া। এই দিনটিতে বোনেরা ভাইয়ের কপালে ফোঁটা দিয়ে ভাইয়ের দীর্ঘ ও সুস্থ জীবন কামনা করে। ভাই বোনের সম্পর্কের বন্ধন সুদৃঢ় করে। এদিন ভাইদের মিষ্টিমুখ করানোর পাশাপাশি ভাই-বোনের মধ্যে চলে উপহার বিনিময়। ভাইয়েরাও উপহার তুলে দেন বোনেদের হাতে। কার্তিক মাসের শুক্ল পক্ষের দ্বিতীয়া তিথিতে বাংলার ঘরে ঘরে পালিত হয় ভাই ফোঁটা উৎসব। অনেকের বাড়িতে গতকাল প্রতিপদে ভাইফোঁটা পালিত হয়েছে।

ব্যস্ততার মধ্যেও বোনেদের ডাকে ফোঁটা নিতে হাজির হন অভিনেতা খরাজ মুখোপাধ্যায়। তবে খাওয়া দাওয়া তোলা থাকে ছুটির দিনের জন্য।

বাইট খরাজ মুখোপাধ্যায়।

এ বারের ভাই ফোঁটা ইংরেজি মাসের একদম শুরুতে এবং রবিবারে হওয়ায় বিক্রি বেশ ভালো। দক্ষিণ চব্বিশ পরগনার বিষ্ণুপুর এলাকার মিষ্টি বিক্রেতা সোমনাথ পাল জানানেন, গতকাল সন্ধ্যাতেই বেশিরভাগ মিষ্টি শেষ হয়ে গেছে।

বাইট সোমনাথ পাল

---

দক্ষিণ কলকাতার গরফা থানা এলাকার শহীদ নগরে গতকাল এক মহিলার অস্বাভাবিক মৃত্যুকে কেন্দ্র করে রহস্য দানা বেঁধেছে। তাঁর সঙ্গী বিকাশ দত্তকে আটক করে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে। কলকাতা পুলিশের ডিসি এসএসডি বিদিশা কলিতা জানিয়েছেন, মধুরিমা রায় নামে ঐ মহিলা নিজের বোন ও এক বন্ধুর সঙ্গে মদ্যপান করার পর সিঁড়ি থেকে পড়ে যান। ময়না তদন্তের মৃত্যুর আসল কারণ জানা যাবে বলে পুলিশ জানিয়েছে। পরিবারের পক্ষে কোনো অভিযোগ জানানো হয়নি।

---

দুই গোষ্ঠীর মধ্যে সংঘর্ষে গতরাতে শালিমার স্টেশন সংলগ্ন এলাকা উত্তপ্ত হয়ে ওঠে। এর জেরে চলে ইটবৃষ্টি, ভাঙচুর করা হয় দোকানপাট, বাড়িঘর। স্টেশনের পার্কিং লটে এই সংঘর্ষের জেরে আতঙ্কিত হয়ে পড়েন এলাকার বাসিন্দারা। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে বি গার্ডেন থানা ও হাওড়া সিটি পুলিশের বিশাল বাহিনী নামে। পরে নামানো হয় র‍্যাফ। পরিস্থিতি সামাল দিতে লাঠিচার্জ করে পুলিশ।

এদিন রাতে ঘটনাস্থলে উপস্থিত হাওড়া সিটি পুলিশের ডিসি সেন্ট্রাল সুবিমল পাল জানান, এদিন সন্ধ্যায় একটি মোবাইলের দোকানে কোনও একটি বিষয় নিয়ে বিবাদ বাধে। সেই বিবাদের জেরে শালিমারের নেপালি পাড়ার বস্তির মধ্যে দু'টি পরিবারের মধ্যে প্রথমে বচসা হয় পরে তা গড়ায় দুই গোষ্ঠীর মধ্যে ব্যাপক সংঘর্ষে। তবে, বিশাল পুলিশ বাহিনী গিয়ে দ্রুত সেই পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। সংঘর্ষে যুক্ত থাকার অভিযোগে রবি ও সুলতান নামে ২ জনকে ঘটনাস্থল থেকেই আটক করা হয়।

---

বিধাননগর পৌরনিগামে চার নম্বর ওয়ার্ডে ডেঙ্গুতে শিবানী দাস নামে এক মহিলার মৃত্যু হয়েছে। তিনি বিধাননগর পৌরনিগমের চার নম্বর ওয়ার্ডে শরৎপল্লীর বাসিন্দা। তিনি বেশ কয়েকদিন ধরে জ্বরে আক্রান্ত হয়ে বাগুইহাটির একটি বেসরকারি হাসপাতালে ভর্তি ছিলেন। গতকাল তাঁর মৃত্যু হয়। বিধাননগর পৌরনিগম এলাকায় ডেঙ্গুতে আক্রান্ত হয়ে এ বছরে এই প্রথম মৃত্যুর ঘটনা ঘটল। পৌরসভার পক্ষ থেকে গোটা ঘটনা খতিয়ে দেখা হচ্ছে।

---

ভারতীয় রেল চলতি উৎসবের মরশুমে বেশ কিছু বিশেষ ট্রেন চালাচ্ছে দিল্লি জাতীয় রাজধানী থেকে দেশের বিভিন্ন প্রান্তে আজ কুড়িটি ফেস্টিভাল স্পেশাল ট্রেন চালানো হবে। এই বিশেষ ট্রেনগুলির গন্তব্য হবে দারভাঙ্গা ,রাঁচি ,পাটনা ,কাটরা, মোজাফফরপুর ,বালিয়া, কামাখ্যা এবং আজমগড়।

উৎসব মরশুমে অতিরিক্ত যাত্রী ভিড় সামাল দিতে দক্ষিণ পূর্ব রেল আগামীকাল বিভিন্ন স্থানে স্পেশাল ট্রেন চালানোর সিদ্ধান্ত নিয়েছে। সেই অনুসারে আজ শালিমার - পুরী স্পেশাল রাত ৯ টা ৫৫ মিনিটে শালিমার থেকে, সাঁতরাগাছি - দীঘা স্পেশাল সকাল ৮ টা ১০ মিনিটে সাঁতরাগাছি থেকে, দীঘা - সাঁতরাগাছি স্পেশাল দীঘা থেকে দুপুর ১ টা ১০ মিনিটে এবং সাঁতরাগাছি - সেকেন্দ্রাবাদ সাঁতরাগাছি থেকে দুপুর ১২ টা ২০ মিনিটে ছাড়বে।

এছাড়া রাঁচি - পূর্ণিয়া কোর্ট স্পেশাল রাঁচি থেকে সন্ধ্যা ৬ টায় ছাড়বে বলে দক্ষিণ পূর্ব রেল সূত্রের খবর।

এদিকে, উত্তর পূর্ব সীমান্ত রেলও কয়েকটি উৎসব স্পেশাল ট্রেন চালানোর সিদ্ধান্ত নিয়েছে। নিউ জলপাইগুড়ি-লুধিয়ানা উৎসব স্পেশাল এক্সপ্রেস আগামীকাল সকাল ১০ টায় নিউ জলপাইগুড়ি থেকে রওনা দেবে।

ছট পুজোর ভক্তদের জন্য দুটি ডেমু স্পেশাল ট্রেন কাটিহার ও মণিহারির মধ্যে চালানো হবে।

-----

রাজ্যের তাপমাত্রা আগামীকাল থেকে কিছুটা নামার পূর্বাভাস দিয়েছে আলিপুর আবহাওয়া দপ্তর। আপাতত বৃষ্টির কোনো সম্ভাবনা নেই। বাতাসে কমতে শুরু করেছে

জলীয় বাষ্প। আবহাওয়া দপ্তর সূত্রে খবর, দক্ষিণবঙ্গে আগামী কয়েকদিন তাপমাত্রা ২ থেকে ৪ ডিগ্রি সেলসিয়াস কমবে। উত্তরবঙ্গে অবশ্য বুধবার পর্যন্ত বিভিন্ন এলাকায় বজ্রবিদ্যুৎ সহ হালকা বৃষ্টির পূর্বাভাস রয়েছে।

---

ফুটবলারদের নিরাপত্তার কথা ভেবে ইরানে এ এফ সি চ্যাম্পিয়ন্স লিগ টু এর ম্যাচ খেলতে না যাওয়ায় মোহনবাগান সুপারজায়ান্টকে কোনও জরিমানা দিতে হবে না বলে এ এফ সি জানিয়েছে। তবে প্রতিযোগিতায় আর অংশ নিতে পারবে না মোহনবাগান। নিয়ম অনুযায়ী, মোহনবাগানকে আর্থিক জরিমানা করতে পারত এ এফ সি। তবে ইরানের যুদ্ধ পরিস্থিতির কথা উল্লেখ করে বিষয়টি বিবেচনা করার আবেদন করেছিলেন মোহনবাগান কর্তৃপক্ষ। সবুজ-মেরুন শিবিরের সেই আর্জি মেনে নিয়েছে এ এফ সি কর্তৃপক্ষ।

উল্লেখ্য, গতমাসে ইরানের তাবরিজে ট্রান্টর এফসির বিরুদ্ধে খেলতে ইরানে যাওয়ার কথা ছিল মোহনবাগানের। কিন্তু সে সময় উত্তপ্ত হয়ে উঠেছিল ইরানের পরিস্থিতি। মোহনবাগানের ম্যাচের আগের দিনই ইজরায়েলে মিসাইল হামলা চালিয়েছিল ইরান। পরিস্থিতি আন্দাজ করে মোহনবাগান কর্তৃপক্ষ অবশ্য আগেই দল না পাঠানোর সিদ্ধান্ত নিয়েছিলেন। মোহনবাগানের আপত্তিতে নিরপেক্ষ দেশে ম্যাচ আয়োজনের একটা সম্ভাবনা দেখা দিয়েছিল। কিন্তু ট্রান্টর এফসি ঘরের মাঠে খেলার সুবিধা হাতছাড়া করতে রাজি হয়নি। শেষ পর্যন্ত ইরানের ক্লাবটিকে ৩ পয়েন্ট এবং ৩ গোল দেওয়া হয়।

---